আমাদের সময়

তারিখ ... 07 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

# ছাত্রীকে যৌন হয়রানির চেষ্টা শিক্ষকের বিরুদ্ধে মামলা

**কুষ্টিয়া প্রতিনিধি •**

দশম শ্রেণির এক ছাত্রীকে ডেকে নিয়ে যৌন হয়রানির চেষ্টার অভিযোগে স্কুলশিক্ষকের বিরুদ্ধে মামলা হয়েছে। ঘটনার পর গতকাল রোববার দুপুরে ওই ছাত্রীর বাবা বাদী হয়ে কুষ্টিয়ার কুমারখালী থানায় অভিযোগ করেন। অভিযুক্ত শিক্ষকের নাম রফিকুল ইসলাম (৩৬)। তিনি উপজেলার মীর মশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক।

বিষয়টি সম্পর্কে ভুক্তভুগী ওই ছাত্রী জানায়, বাংলার শিক্ষক রফিকুল ইসলাম কিছুদিন ধরেই বিভিন্নভাবে তাকে কুপ্রস্তাব দিয়ে আসছিলেন। কাউকে বললে তার পড়াশোনা বন্ধ হয়ে যেতে পারে ভয়ে সে এ কথা কাউকেই বলেনি। এই সুযোগে শিক্ষক রফিকুল ইসলাম আরও বেপরোয়া হয়ে ওঠেন। গতকাল রোববার সকাল সাড়ে ১১টার দিকে কথা আছে বলে তাকে ছাদে ডেকে নিয়ে সিঁড়ির আড়ালে যৌন হয়রানির চেষ্টা করেন।

স্কুলের প্রধান শিক্ষক আব্দুল জালিল জানান, বিষয়টি খুবই দুঃখজনক। তবে ঘটনার সময় তিনি স্কুলে ছিলেন না। শিক্ষার্থীদের কাছ থেকে শোনার সঙ্গে সঙ্গে পরিচালনা পরিষদকে জানানো হয়েছে। তাদের সঙ্গে আলোচনা করে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে।

কুমারখালী থানার ওসি জিয়াউর রহমান জানান, ধর্ষণচেষ্টার অভিযোগ নিয়ে মীর মশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী ও তার বাবা থানায় এসেছিলেন। এ ঘটনায় ওই ছাত্রীর বাবা বাদী হয়ে শিক্ষক রফিকুল ইসলামের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ করেছেন। তবে অভিযুক্ত শিক্ষক রফিকুল ইসলাম ঘটনার পর থেকেই পলাতক। তাকে গ্রেপ্তারের জন্য চেষ্টা চলছে।